## VAISHALI PHARMA LTD.

(Formerly known as Vaishali Pharma Pvt. Ltd.)
**Corp. & Reg. Office:** 706-709, 7th Floor, Aravali Business Centre, R. C. Patel Road, Off. Sodawala Lane, Borivali (West), Mumbai - 400092. **CIN : L52310MH2008PLC181632**
**Tel.:** +91-22-42171819 | **E-mail:** investor@vaishalipharma.com

### EXTRACT OF UN-AUDITED STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30TH JUNE, 2021

(Rs. In Lakhs)

| Sr No | Particulars | Quarter Ended 30-JUN-21 (Unaudited) | Quarter Ended 31-MAR-21 (Unaudited) | Quarter Ended 30-JUN-20 (Unaudited) | Year Ended 31-Mar-21 (Audited) |
|---|---|---|---|---|---|
| 1 | Total Income from Operations | 826.99 | 1,888.16 | 356.63 | 5,377.39 |
| 2 | Net Profit before Tax, Exceptional items | 108.25 | (196.67) | 0.33 | 140.45 |
| 3 | Net Profit before tax after Exceptional items | 108.25 | (196.67) | 0.33 | 140.45 |
| 4 | Net Profit after tax, Exceptional items | 81.19 | (144.84) | 0.23 | 104.63 |
| 5 | Total Comprehensive Income | 81.19 | (145.75) | 0.23 | 103.72 |
| 6 | Equity Share Capital | 1054.62 | 1054.62 | 1054.62 | 1054.62 |
| 7 | Earnings Per Share | | | | |
| | 1. Basic: | 0.77 | (1.37) | 0.01 | 0.99 |
| | 2. Diluted: | 0.77 | (1.37) | 0.01 | 0.99 |

**NOTE:-**

1. The above is an extract of the detailed format of the Un-Audited Standalone Financial Results for the Quarter ended 30th June, 2021 filed with Stock Exchanges under Regulation 33 of SEBI (Listing Obligation and Disclosure Requirement) Regulation, 2015. The Detailed format of the Un-Audited Standalone Financial Results are available on the Stock Exchange Websites:-www.nseindia.com and on the Company Website:-www.vaishalipharma.com.
2. The above results were reviewed by the Audit Committee, and approved by the Board of Directors at their respective meeting(s) held on 24th July, 2021. Statutory auditors have carried out limited review of the above results.

**By order of the Board**
**For Vaishali Pharma Limited**
**sd/-**
**Atul Vasani**
**Chairman & Managing Director**

**Place : Mumbai**
**Date : 24th July, 2021**

## SOUTH EAST CENTRAL RAILWAY

### E-TENDER NOTICE FOR MISCELLANEOUS WORKS

**Srl. No. (1) E-Tender No. DRM-ENGG-BSP-T-51-21-22, Date. 19/07/2021.**
**Work:** Upgradation of Platform Surface of Shahdol and Anuppur stations. Provision of toilet with water supply in CSM/SM's Panel room at Vilayatkala, Lorha and Mudaria & Creation of siding facilities for working of heavy duty Rial Grinding Machine (RGM) at Burhar, Nowrozabad, Umaria & Rupond stations under the jurisdictions of Sr. DEN/North, Bilaspur. **Tender Value (In Rs.): 1,78,95,635.56/-. EMD (In Rs.) : 00.00/-. Completion Period: 12 Months.**

**Start date of Submission of Tender: From 11:00 hrs. on 02.08.2021. Last date of Submission of Tender : Upto 11:00 hrs. on 16.08.2021**

The complete information of above e-Tender Notices is available over websites **https://www.ireps.gov.in** Bids other than e-bids shall not be accepted against above Tenders.

*Divl. Railway Manager (Engg.)*
**CPR/10/106** *S.E.C. Railway/BSP*

South East Central Railway @Secrail

**"IMPORTANT**

Whilst care is taken prior to acceptance of advertising copy, it is not possible to verify its contents. The Indian Express Limited cannot be held responsible for such contents, nor for any loss or damage incurred as a result of transactions with companies, associations or individuals advertising in its newspapers or publications. We therefore recommend that readers make necessary inquiries before sending any monies or entering into any agreements with advertisers or otherwise acting on an advertisement in any manner whatsoever. Registered letters are not accepted in response to box number advertisement."

## FORM G

### INVITATION FOR EXPRESSION OF INTEREST

(Under Regulation 36A (1) of the Insolvency and Bankruptcy (Insolvency Resolution Process for Corporate Persons) Regulations, 2016

| RELEVANT PARTICULARS | |
|---|---|
| 1. Name of the Corporate Debtor | **LEEL ELECTRICALS LIMITED** |
| 2. Date of incorporation of Corporate Debtor | 10/11/1987 |
| 3. Authority under which Corporate Debtor is incorporated / registered | RoC-Kanpur |
| 4. Corporate identity number / limited liability identification number of Corporate Debtor | L29120UP1987PLC091016 |
| 5. Address of the registered office and principal office (if any) of corporate debtor | **Registered office:** Unit No. 8, Block-A, Kakrala Main Road, Sector 80, Industrial Area, Phase- II, Noida Gautam Buddha Nagar,U.P. 201305 IN. **Corporate office:** 159, Okhla Industrial Estate Phase III New Delhi 110020 DL IN |
| 6. Insolvency commencement date of the Corporate Debtor | 04.03.2020 |
| 7. Date of invitation of expression of interest | 25.07.2021 |
| 8. Eligibility for resolution applicants under section 25(2)(h) of the Code is available at: | Details can be sought by sending email at the email id mentioned at S. No. 21 or by visiting the website of Corporate Debtor http://www.leelelectric.com/ |
| 9. Norms of ineligibility applicable under section 29A are available at: | Details can be sought by sending email at the email id mentioned at S. No. 21 or by visiting the website of Corporate Debtor http://www.leelelectric.com/ |
| 10. Last date for receipt of expression of interest | 09.08.2021 |
| 11. Date of issue of provisional list of Prospective Resolution Applicants | 11.08.2021 |
| 12. Last date for submission of objections to provisional list | 16.08.2021 |
| 13. Date of issue of final list of Prospective Resolution Applicants | 21.08.2021 |
| 14. Date of issue of Information Memorandum, Evaluation Matrix and Request for Resolution Plans to Prospective Resolution Applicants | 11.08.2021 |
| 15. Manner of obtaining request for resolution plan, evaluation matrix, information memorandum and further information | The Resolution professional will share the Request for Resolution Plan/ Evaluation Matrix/ Information Memorandum in electronic form after verification of KYC, capacity to invest, capability to manage and eligibility under Section 29A of IBC, 2016 and pre-qualification criteria, if any approved by COC. |
| 16. Last date for submission of resolution plans | 10.09.2021 |
| 17. Manner of submitting resolution plans to resolution professional | In electronic form to the email IDs mentioned against at serial no. 21. An additional physical copy may also be submitted in a sealed envelope containing duly signed hard copy at the address mentioned against at S. No. 21 so as to reach on or before the last date. |
| 18. Estimated date for submission of resolution plan to the Adjudicating Authority for approval | As soon as approved by members of Committee of Creditors (COC) |
| 19. Name and registration number of the Resolution Professional | **Mr. Ganga Ram Agarwal** **Registration No.: IBBI/IPA-002/IP-N00874/2019-2020/12777** |
| 20. Name, Address and e-mail of the resolution professional, as registered with the Board | **Mr. Ganga Ram Agarwal** **Address:** 14254, ATS One Hamlet, Sector 104, Noida, Gautam Buddha Nagar, Uttar Pradesh, 201301, **Email Id:** ganga.manjuagarwal@gmail.com |
| 21. Address and e-mail to be used for correspondence with the resolution professional | **Address:** E-10A, Kailash Colony, GK-1, New Delhi-110048. **Email Id:** leel@aaainsolvency.com |
| 22. Further Details are available at or with | Details can be sought by sending email at the email id mentioned at S. No. 21 or by visiting the website of IPE of the RP **www.insolvencyandbankruptcy.in** |
| 23. Date of publication of Form G | 25.07.2021 |

Sd/-
**Ganga Ram Agarwal**
**Registration No.: IBBI/IPA-002/IP-N00874/2019-2020/12777**
**Resolution Professional in the matter of LEEL Electricals Limited**

**Date : 24.07.2021**
**Place : New Delhi**

## SIMFED

Under Agriculture Department
Government of Sikkim
Above Sangram Bhawan, Development Area, Gangtok, East Sikkim-737101

Simfed:07/G/CXLVII/70 Date:22/07/2021

### EXPRESSION OF INTEREST

Expression of Interest/tender is invited from the registered/ empanelled dealer of SIMFED, for supply of scientific instruments for setting up of Innovation laboratory in various Government Schools of Sikkim.

Interested parties may visit the office of the General Manager (Floriculture), SIMFED for details of equipments to be supplied and other terms and conditions.

Interested parties are requested to submit their EOI/tender on or before 31st July 2021 by 12.00 Noon. The EOI/tender received after 12.00 Noon of 31st July shall not be entertained at any cost.

*General Manager, SIMFED*

## SBI

Hatibagan Branch (01503)
102 /A Aurobindo Sarani
Hatibagan, Kolkata- 700 006

### GOLD ORNAMENTS AUCTION NOTICE

Some individuals / persons who had availed Gold Loans from our different branches, by pledging gold ornaments, have defaulted in repaying as per schedule. They/Their legal heirs have not properly responded to the notice/notices or the notice returned undelivered. In this circumstances, it has been decided that if the gold loan (s) is/are not liquidated before 4 P.M. of the previous day the day of auction, pledged ornaments will be publicly auctioned at under mentioned time and date at the branch premises/Gold Hub, without further notice. All expenses incurred in this connection will be borne by the borrowers. Bank reserves the right to postpone/withdraw the auction at any time and stop the auction in the middle. Successful bidders shall pay the full amount and obtain possession of ornaments or a minimum of 25% of bid amount should be deposited by the successful bidder on the spot and remaining portion within 7 days. In case of default, Bank may forfeit the initial deposit amount.

| SL No. | Name of Borrower | Date of Auction | Proposed Time of Auction | Gross Wt. of Gold Ornaments (Gms.) | No. of Items |
|---|---|---|---|---|---|
| 1 | Sujta Singh (LAC No. 39850387161) | 02.08.2021 | 05.30 P.M. | 11.99 Gms. Net Weight 11.36 Gms. | 2 |

**Date : 25.07.2021, Place : Kolkata** **Authorised Officer**

## HSBC MUTUAL FUND

### NOTICE

NOTICE is hereby given that the Trustees of HSBC Mutual Fund have approved the declaration of dividend under the Income Distribution cum capital withdrawal option (IDCW) of HSBC Fixed Term Series 135 (HFTS 135) as under:

| Scheme/Option | Quantum of Dividend | NAV (as on July 23, 2021) (in ₹) |
|---|---|---|
| HFTS 135 – IDCW Option | Entire distributable surplus on the record date | 11.0760 |
| HSBC 135-Direct Plan IDCW Option | | 11.1838 |

Record Date: July 30, 2021 Face Value: Rs. 10 per unit

The dividend is subject to availability of distributable surplus in the above mentioned scheme on the Record Date. **Pursuant to payment of dividend, the NAV of the IDCW of the scheme will fall to the extent of dividend distribution and statutory levy, if any.**

All the unitholders of the above scheme whose names appear on the register of unitholders as on the record date will be eligible to receive the dividend.

**For & on behalf of HSBC Asset Management (India) Private Limited**
**(Investment Manager to HSBC Mutual Fund)**

**Sd/-**
**Authorised Signatory**
**Mumbai, July 24, 2021**

HSBC Asset Management

It is to be distinctly understood that the permission given by NSE should not in anyway be deemed or construed that the Scheme Information Document has been cleared or approved by NSE nor does it certify the correctness or completeness of any of the contents of the Scheme Information Document. The investors are advised to refer to the Scheme Information Documents of HFTS 134 for the full text of the 'Disclaimer Clause of NSE'.

**Mutual Fund investments are subject to market risks, read all scheme related documents carefully.**

HSBC Asset Management (India) Private Limited, 16, V.N. Road, Fort, Mumbai-400001.
e-mail: hsbcmf@camsonline.com, website: www.assetmanagement.hsbc.co.in
Issued by HSBC Asset Management (India) Private Limited
CIN-U74140MH2001PTC134220

## DFM FOODS LTD.

**CIN: L15311DL1993PLC052624**
**Registered Office: 8377, Roshanara Road, Delhi-110007**
**Corporate Office: 1401-1411, 14th Floor, Logix City Center, Sector-32, Noida (U.P.)-201301**
**Tel. No.: 0120-6013232**
**Email: dfm@dfmfoods.com, Website: www.dfmfoods.com**

### NOTICE

NOTICE is hereby given that the 28th Annual General Meeting (AGM) of the Company will be held on Monday, the 23rd August, 2021 at 2.30 P.M. through Video Conferencing (VC)/Other Audio Visual Means ("OAVM"). The venue of the meeting shall be deemed to be the Registered Office of the Company at 8377, Roshanara Road, Delhi-110007.

In accordance with the General Circular No. 20/2020 dated 5th May, 2020 read with General Circular No. 14/2020 dated 8th April, 2020, General Circular No.17/2020 dated 13th April, 2020 and General Circular No. 02/2021 dated 13th January, 2021 issued by the Ministry of Corporate Affairs ("MCA Circulars") and Circular No. SEBI/HO/CFD/CMD1/CIR/P/2020/79 dated 12th May, 2020 and Circular No. SEBI/HO/CFD/CMD2/CIR/P/2021/11 dated 15th January, 2021 issued by the Securities and Exchange Board of India ("SEBI") the Notice of the AGM and Annual Report including the Audited Financial Statements for the financial year 2020-21 have been sent in electronic mode to members whose e-mail IDs are registered with the Company/Depository Participant(s)/RTA. The electronic dispatch of Annual Report to the Members has been completed on 24th July, 2021.

The Company has also uploaded the same on the website of the Company at www.dfmfoods.com. The Notice of the AGM is also available on the website of Central Depository Services (India) Ltd. (CDSL) at www.evotingindia.com and on the website of BSE and NSE.

**Instructions for Remote E-Voting and E-Voting during AGM:**

Pursuant to the provisions of Section 108 of the Companies Act, 2013 read with Rule 20 of the Companies (Management and Administration) Rules, 2014, as amended from time to time, Regulation 44 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, the Company is pleased to provide the facility to members to exercise their right to vote by electronic means on resolutions proposed to be passed at AGM. Members holding shares either in physical form or dematerialized form as on Monday 16th August, 2021 (cut-off- date) can cast their vote electronically through electronic voting system of Central Depository Services (India) Limited (CDSL) at www.evotingindia.com. A person whose name is recorded in the Register of Members or in the Register of Beneficial Ownership maintained by the Depositories as on the cut-off date only shall be entitled to avail the facility of remote e-voting. All the members are hereby informed that the Ordinary Business, as set out in the Notice of 28th AGM will be transacted through voting by electronic means only.

Notice is also hereby given pursuant to Section 91(1) of the Companies Act, 2013 read with the Companies (Management and Administration) Rules, 2014 and relevant Regulations of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, the Register of Members and Share Transfer Books of the Company will remain closed from 17th August, 2021 to 23rd August, 2021 (both days inclusive) for the aforesaid AGM. However, 6th August, 2021 is the Record Date for the purpose of Dividend.

The Board of Directors have appointed Mr. Pradeep Debnath (FCS-6654) of M/s. Pradeep Debnath & Co., Practicing Company Secretaries as the Scrutinizer for conducting the remote e-voting and the voting process at the AGM in a fair and transparent manner.

**Notes:**

a) The Company is providing remote e-voting facility to its Members to caste their vote by electronic means on the Resolutions set out in the Notice of the 28th AGM dated 11th June, 2021.
b) Day, date and time of commencement of remote e-voting: Friday, 20th August, 2021 (9.00 A.M.)
c) Day, date and time of end of remote e-voting: Sunday, 22nd August, 2021 (5.00 P.M.)
d) Cut off date: Monday, 16th August, 2021
e) Any person, who has acquired shares of the Company and become member of the Company after dispatch of the AGM Notice and holding shares as on the cut off date i.e. 16th August, 2021, may obtain login ID and password by sending a request at CDSL at helpdesk.evoting@cdslindia.com or RTA at admin@mcsregistrar.com
f) Members attending the AGM who have not cast their vote by remote e-voting shall be eligible to cast their vote through e-voting during the AGM. Members who have voted through remote e-voting shall be eligible to attend the AGM, however they shall not be eligible to vote at the meeting.
g) The procedure of electronic voting is available in the Notice of AGM as well as the email sent to the members by RTA. Please refer the e-voting user manual for members available in the downloads section of the e-voting website of CDSL: www.evotingindia.com. Members who need assistance before or during the AGM may
   (i) Write an email to admin@mcsregistrar.com
   (ii) All grievances connected with the facility for voting by electronic means may be addressed to Mr. Rakesh Dalvi, Manager, CDSL, A Wing, 25th Floor, Marathon Futurex, Mafatlal Mill Compounds, N M Joshi Marg, Lower Parel (East), Mumbai - 400013 or send an email to helpdesk.evoting@cdslindia.com or call on 022-23058542143
h) Details of the person for addressing the grievances connected with facility for voting by electronic means in the Company:
   Mr. Raju Singh Tomer, Company Secretary, e-mail ID: raju.tomer@dfmfoods.com, Address: 1401-1411, 14th Floor, Logix City Center, Sector-32, Noida (U.P)
i) The result of the e-voting/voting at AGM shall be declared on or before 24th August, 2021. The results declared, along with the Scrutinizer's Reports, shall be displayed at the registered office of the Company and also be placed on the Company's website and communicated to the Stock Exchange where the Company's shares are listed.

| Manner of registering/updating Email addresses | Manner of joining AGM |
|---|---|
| Members holding shares in physical mode and who have not registered/updated their mail are requested to update their email addresses by writing to CDSL at helpdesk.evoting@cdslindia.com or to RTA at admin@mcsregistrar.com along with the copy of signed letter mentioning the name of member and address of member, self attested copy of PAN card and self attested copy of any document (e.g. Driving License, Election I Card, passport) in support of the address of the member. Members holding shares in dematerialized mode are requested to register/update their email addresses with the relevant Depository participants. In case of any queries/difficulties in registering the e-mail address, Members may write to admin@mcsregistrar.com or raju.tomer@dfmfoods.com | A facility to attend the AGM through VC/OAVM is available through the CDSL e-voting system at www.evotingindia.com |

By Order of the Board
For **DFM Foods Ltd.**
Sd/-
**Raju Singh Tomer**
**Company Secretary**

**Place:** Noida
**Dated:** 24th July, 2021

RP - Sanjiv Goenka Group
Growing Legacies

## SAREGAMA INDIA LIMITED

CIN : L22213WB1946PLC014346
Regd. Office: 33, Jessore Road, Dum Dum, Kolkata – 700028.
Tel: 033-2551 2984/4773, E-mail: co.sec@saregama.com,
Web: www.saregama.com

### NOTICE OF 74th ANNUAL GENERAL MEETING, E-VOTING AND BOOK CLOSURE

Notice is hereby given to the Members of Saregama India Limited ('Company') pursuant to the provisions of Section 96 of the Companies Act, 2013 ('Act') read with the Companies (Management and Administration) Rules, 2014 as amended ('Rules'), that the 74th Annual General Meeting of the Company ('AGM') to be held on Monday, August 16, 2021 through Video Conferencing ("VC")/Other Audio Visual Means("OAVM") at 12:00 Noon IST to transact the business, as set out in the notice of AGM.

In view of the continuing restrictions on the movement of people at several places in the country, due to outbreak of COVID-19, the Ministry of Corporate Affairs (MCA), vide its General Circular No. 20/2020 dated 5th May, 2020 read with General Circular No. 14/2020 dated 8th April, 2020 and General Circular No. 17/2020 dated 13th April, 2020 and General Circular No. 02/2021 dated 13th January 2021 and other applicable circulars issued by the Securities and Exchange Board of India (SEBI), has allowed the Companies to conduct the AGM through Video Conferencing (VC) or Other Audio Visual Means (OAVM) during the calendar year 2021. In accordance with, the said circulars of MCA, SEBI and applicable provisions of the Act and SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 (SEBI LODR Regulations), the 74th AGM of the Company shall be conducted through VC/ OAVM.

The Company has sent electronic copies of Annual Report alongwith the Notice of AGM on July 23, 2021 to those shareholders whose email IDs are registered with the Company/Depository Participant. The Notice of AGM along with Annual Report for the financial year 2020-21, is available on the website of the Company at www.saregama.com, on the website of Stock Exchanges i.e. BSE Limited at www.bseindia.com and National Stock Exchange of India Limited at www.nseindia.com and on the website of National Securities Depository Limited ("NSDL") at www.evoting.nsdl.com.

Members holding shares in physical mode and who have not updated their email addresses with the Company are requested to update their email addresses by writing to the Company at co.sec@saregama.com along with the copy of the signed request letter mentioning the name and address of the Member, self-attested copy of the PAN card, and self-attested copy of any document (e.g.: Driving License, Election Identity Card, Passport) in support of the address of the Member. Members holding shares in dematerialised mode are requested to register / update their email addresses with the relevant Depository Participants. In case of any queries / difficulties in registering the e-mail address, Members may write to co.sec@saregama.com. Along with the above details, for registering the Bank Account details:

- Name and Branch of the Bank;
- Bank Account Type;
- Bank Account Number;
- MICR Code;
- IFSC Code and
- Scan copy of the cancelled cheque bearing all the above details for authentication.

Members holding shares either in physical form or in dematerialized mode, as on the cut-off date, i.e. August 9, 2021, being the cut-off date, may cast their vote electronically on the Resolutions set forth in the Notice of AGM through electronic system of NSDL ("remote e-voting"). All the members are hereby informed that:

I. The business, as set out in the notice of AGM, may be transacted through remote e-voting or e-voting system at the AGM
II. The remote e-voting period will commence at 9.00 a.m. (IST) on Friday, August 13, 2021 and will end at 5.00 p.m. (IST) on Sunday, August 15, 2021. During this period, members may cast their vote electronically. Thereafter, the remote e-voting module shall be disabled by NSDL for voting.
III. The cut-off date for determining the eligibility to vote by remove e-voting or e-voting at the AGM shall be August 9, 2021.
IV. Any person, who acquires shares of the Company and becomes a Member of the Company after dispatch of the Notice and holding shares as of the cut-off date, may obtain the login ID and password by sending a request at evoting@nsdl.co.in.
V. Only those Members/ shareholders, who will be present in the AGM through VC/OAVM facility and have not casted their vote on the Resolutions through remote e-Voting and are otherwise not barred from doing so, shall be eligible to vote through e-Voting system in the AGM.
VI. Members who have voted through Remote e-Voting will be eligible to attend the AGM. However, they will not be eligible to vote at the AGM.
VII. The detailed procedure and instruction for remote e-voting and e-voting during the AGM are given in the notice of AGM.
VIII. Pursuant to the provisions of Section 91 of the Act read with Rule 10 of the Rules and Regulation 42 of the SEBI Listing Regulations, The Register of Members and Share Transfer Books of the Company will remain closed from Tuesday, August 10, 2021, to Monday, August 16, 2021 (both days inclusive).
IX. In case of any queries relating to remote e-voting/e-voting, members may refer to Frequently Asked Questions (FAQs) for Shareholders and e-voting user manual for Shareholders available at the download section of www.evoting.nsdl.com or call on toll free no.: 1800-222-990 or send a request to Ms. Pallavi Mhatre, Manager, NSDL, Trade World, A Wing, 4th Floor, Kamala Mills Compound, Lower Parel, Mumbai – 400013 through email at evoting@nsdl.co.in or write to the Company at co.sec@saregama.com

By Order of the Board
**Kamana Goenka**
Company Secretary
Membership No.: A-35161

Dated: July 24, 2021
Place: Mumbai

BARODA MUTUAL FUND

Baroda MUTUAL FUND

## NOTICE CUM ADDENDUM NO. 42/ 2021

This has reference to our Notice No. 41/2021 dated July 22, 2021 (**"Original Notice"**). Investors are requested to note that in partial modification to Sr. No. 1 pertaining to change in exit load of few schemes of Baroda Mutual Fund (**"Mutual Fund"**) in the Original Notice; it is hereby clarified that from the effective date, exit load in Baroda Credit Risk Fund (**"BCRF"**) and Baroda Dynamic Bond Fund (**"BDBF"**) will be 'Nil' if units are redeemed after 1 year / 1 month, respectively, from the date of allotment of units and 'Nil' exit load is applicable from the date of allotment of units in Baroda Treasury Advantage Fund (**"BTAF"**) from the effective date.

The revised table in reference to the aforesaid clarification shall be read as follows:

| Name & Type of the Scheme | Existing Exit Load | Revised Exit Load (effective July 23, 2021) |
|---|---|---|
| Baroda Credit Risk Fund (scheme has one segregated portfolio) (An open-ended debt scheme predominantly investing in AA and below rated corporate bonds) (excluding AA+ rated corporate bonds | • If units are redeemed upto 10% of the units, on or before one year from the date of allotment: Nil • If units are redeemed over and above the 10% limit, on or before one year from the date of allotment: 1% of the applicable Net Asset Value (NAV) • If units are redeemed after one year from the date of allotment: Nil. Exit load is not applicable for segregated portfolio. | • If units are redeemed before 1 year of allotment of units: 3 % of the applicable NAV. • If units are redeemed after 1 year from the date of allotment of units: Nil. Exit load is not applicable for segregated portfolio. |
| Baroda Dynamic Bond Fund (An open-ended dynamic debt scheme investing across duration) | • 3%, if redeemed within 3 months from the date of allotment of units; • 2%, if redeemed between 3 months 1 day to 6 months from the date of allotment of units; • 1%, if redeemed between 6 months 1 day to 1 year from the date of allotment of units; • Nil, if redeemed after 1 year from the date of allotment of units. | • If redeemed within 1 month of allotment of units: 0.25% of the applicable NAV. • If redeemed after 1 month of allotment of units : Nil. |
| Baroda Treasury Advantage Fund (scheme has one segregated portfolio) (An open-ended low duration debt scheme investing in instruments such that the Macaulay duration of the portfolio is between 6 months and 12 months) | • 3%, if redeemed within 3 months from the date of allotment of units; • 2%, if redeemed between 3 months 1 day to 6 months from the date of allotment of units; • 1%, if redeemed between 6 months 1 day to 1 year from the date of allotment of units; • Nil, if redeemed after 1 year from the date of allotment of units. Exit load is not applicable for segregated portfolio. | 'Nil' exit load shall be applicable from the date of allotment of units. Exit load is not applicable for segregated portfolio. |

The above revised exit load shall be applicable on all transactions of above-mentioned Schemes on a prospective basis.

This notice-cum-addendum forms an integral part of the Scheme Information Documents (**"SIDs"**) and Key Information Memorandum (**"KIMs"**) of the respective schemes, as amended from time to time. All other terms and conditions of the SIDs and KIMs, except as specifically modified herein above, remain unchanged.

**For Baroda Asset Management India Limited**
(Investment Manager to Baroda Mutual Fund)

**Sd/-**
**Authorised Signatory**

**Place : Mumbai**
**Date : July 24, 2021**

**Mutual Fund investments are subject to market risks, read all scheme related documents carefully.**

For further details, kindly contact:
**Baroda Asset Management India Limited**
CIN : U65991MH1992PLC069414
501, Titanium, 5th Floor, Western Express Highway, Goregaon (East), Mumbai - 400 063.
**Tel. No. :** +91 22 6848 1000 • **Toll Free No. :** 1800 267 0189 • **Visit us at :** www.barodamf.com • **Email :** info@barodamf.com

## আরও খবর

### কড়াকড়ি শিথিল রাজধানীতে

যত আসন ততজন যাত্রী নিয়েই দিল্লিতে চলবে মেট্রো ও বাস। সোমবার থেকে। ৫০ শতাংশ দর্শক নিয়ে খুলবে সিনেমা হল, প্রেক্ষাগৃহ। আনন্দ অনুষ্ঠান, শেষকৃত্যে ৫০ জনের জায়গায় ১০০ জন উপস্থিত থাকতে পারবেন। ৫০ শতাংশ যাত্রী নিয়ে ৭ জুন থেকে দিল্লিতে মেট্রো পরিষেবা চালু হয়েছে। এপ্রিলের শেষে রাজধানীতে সংক্রমণের হার ছিল ৩৬ শতাংশ। এখন কমে হয়েছে ০.০৯ শতাংশ। তাই আমজনতার স্বার্থে কড়াকড়ি শিথল করছে আম আদমি পার্টির সরকার।

### জঙ্গি নিকেশ

জম্মু–কাশ্মীরের বান্দিপোরা জেলায়। যৌথবাহিনীর সঙ্গে সঙ্ঘর্ষে খতম হয়েছে দুই জঙ্গি। আহত তিন জওয়ান। শনিবারের ঘটনা। বান্দিপোরার শোকবাবা জঙ্গলে কয়েকজন জঙ্গিরা লুকিয়ে। জানতে পেরে ভোরে সেনাবাহিনী ও জম্মু–কাশ্মীর পুলিশ অভিযান শুরু করে। নিহত হয় দুই জঙ্গি। তাদের পরিচয় অজানা। আহত তিন জওয়ানরা হাসপাতালে ভর্তি।

### এবার করণ

সলমন নন। বিগ বস ওটিটি–র সঞ্চালনা করবেন করণ জোহর। শনিবার নিজেই সে কথা জানিয়েছেন করণ। বিগ বস শুরুর আগেই কে সঞ্চালনা করবেন তা নিয়ে বিতর্ক তৈরি হয়েছিল। এবারই প্রথম বিগ বস টেলিভিশনের আগে ছয় সপ্তাহ ওটিটি প্ল্যাটফর্মে চলবে। তখন শোনা গিয়েছিল ওটিটি–র সঞ্চালনা করবেন সিদ্ধার্থ শুক্লা। কিন্তু সব জল্পনায় জল ঢেলে করণ জানিয়ে দিলেন নিজের কথা। ৮ আগস্ট থেকে Voot–এ শুরু হতে চলেছে বিগ বস।

### বললেন মুকেশ

আমেরিকা–চীনের মতো ধনী হতে পারবে ভারতও। শিখর ছোঁয়ার হদিশ দিলেন মুকেশ আম্বানি। বলেছেন, ভারতে অর্থনৈতিক সংস্কারের ফায়দা সমাজের সব শ্রেণির ওপরে পড়েনি। দেশের অর্থনৈতিক মডেল এমন হতে হবে যাতে দরিদ্ররাও এর থেকে উপকৃত হতে পারে। বলেছেন, আগামী ৩০ বছরে পৃথিবীতে যে পরিবর্তন আসতে চলেছে তা গত ৩০০ বছরেও আসেনি।

### বিতর্কিত

পাক অধিকৃত কাশ্মীরে নির্বাচনের আগে প্রচারে এসে ফের কাশ্মীর 'তাস' খেললেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান। জানালেন, কাশ্মীরের মানুষদেরই সিদ্ধান্ত নিতে দেওয়া হোক, তাঁরা পাকিস্তানের অংশ হতে চান নাকি 'স্বাধীন দেশে'র বাসিন্দা হবেন। ভারত বরাবরই জানিয়ে এসেছে জম্মু ও কাশ্মীর চিরকালই ভারতেরই অংশ 'ছিল, আছে ও থাকবে'। আজ, রবিবার পাক অধিকৃত কাশ্মীরের তরল খল অঞ্চলে নির্বাচন।

### সম্প্রীতি

আদালতে গড়িয়েছে জমি বিতর্ক। তার মধ্যেই সম্প্রীতির ছবি কাশীতে। জমি অদল বদল করে নিল কাশীর বিশ্বনাথ মন্দির ও জ্ঞানব্যাপী মসজিদ কর্তৃপক্ষ। কাশী বিশ্বনাথ ধাম করিডর গড়ার জন্য মসজিদ লাগোয়া ১ হাজার ৭০০ বর্গফুটের একটি জমি মন্দির কর্তৃপক্ষের হাতে তুলে দিয়েছেন মসজিদ কর্তৃপক্ষ। পরিবর্তে মসজিদ কর্তৃপক্ষকে ১ হাজার বর্গফুটের একটি জমি দিয়েছে মন্দির ট্রাস্ট।

### কৃত্রিম বৃষ্টি

কোটিপতি দেশে জলের আকাল। ড্রোন আর নুন দিয়ে মেঘকে শায়েস্তা করে বৃষ্টি আনল আমিরশাহি। মাটি খুঁড়লেই তেল মিলছে। অথচ জলের হাহাকার। পানীয় জল বলতে সমুদ্রের লবণাক্ত জলই ভরসা। বড় অঙ্কের টাকা খরচের পর পরিশোধন করে খেতে হয় সেই জল। বৃষ্টি নগণ্য। বেড়ে চলেছে তাপমাত্রাও। তাই ড্রোনে ইলেকট্রিক চার্জ নির্গতকারী যন্ত্র দিয়ে আয়নের ভারসাম্যের হেরফের ঘটিয়ে বৃষ্টি নামাল এই দেশ।

### ভুয়ো আইনজীবী

আইনজীবী সেজে দু'বছর আদালতে কাজ! অভিযোগ উঠতেই পলাতক মহিলা। কেরলের আলাপ্পুঝার আদালতের ঘটনা। বেশ কিছু মামলাও লড়েছেন ওই মহিলা। বার অ্যাসোসিয়েশনের ভোটেও জেতেন। লাইব্রেরিয়ান হিসেবে তাঁকে নির্বাচিতও করা হয়। বার অ্যাসোসিয়েশনের কাছে পাঠানো একটি বেনামি চিঠিতে অভিযোগ জানানো হয়, ওই আইনজীবী ভুয়ো। তারপরই তদন্তে উঠে আসে সত্য ঘটনা।







বৃন্দাবনে বাঁকে বিহারী মন্দিরে ভক্তদের ভিড় গুরু পূর্ণিমা উপলক্ষে (বাঁদিকে)। অন্যাদিকে, উত্তরপ্রদেশেরই ফতেপুরে লাইন টিকা নেওয়ার। শনিবার। ছবি: পিটিআই

# ছোটদের টিকা সেপ্টেম্বরেই: গুলেরিয়া

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ২৪ জুলাই

ছোটদের জন্য কোভ্যাক্সিন টিকার ট্রায়াল চলছে দেশে। সেপ্টেম্বরেই চূড়ান্ত ফল জানা যাবে। এমনটাই জানাচ্ছেন এইমস প্রধান রণদীপ গুলেরিয়া। কোভ্যাক্সিন টিকার চূড়ান্ত অনুমোদনের পর সেপ্টেম্বরেই দেশে শিশুদের টিকাকরণ শুরু হয়ে যাওয়ার ব্যাপারে আশাবাদী গুলেরিয়া। করোনা সংক্রমণের তৃতীয় ঢেউয়ের আশঙ্কার মাঝে শিশুদের জন্য টিকার ট্রায়ালের কাজ চলছে দ্রুত গতিতে। করোনার তৃতীয় ঢেউ যাতে শিশুদের ওপর প্রভাব বিস্তার করতে না পারে, তার জন্য তাদের দ্রুত টিকাকরণের আওতায় আনতে চাইছে কেন্দ্র। এইমস প্রধান জানান, সব ঠিকঠাক থাকলে সেপ্টেম্বর থেকেই শিশুদের ভ্যাকসিন দেওয়া যাবে বলে আশা করা যায়।

গুলেরিয়া বলেন, কোভিড বিধি মানতে হবে। নেওয়া চাই ভ্যাকসিনও। তবেই রক্ষা করোনার তৃতীয় ঢেউ থেকে। আগামী দিনে কোভিডের তৃতীয় ঢেউ অবশ্যম্ভাবী। আরও বেশি সংখ্যক মানুষকে টিকা দেওয়া না হলে এই ঢেউ থেকে রক্ষা পাওয়া মুশকিল। চতুর্থ সেরো রিপোর্ট অনুযায়ী, দেশের জনসংখ্যার ৬৭ শতাংশের শরীরে অ্যান্টিবডি তৈরি হয়েছে। সেদিক থেকে ৪০ কোটি লোকের এখনও আক্রান্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। সংক্রমণের শৃঙ্খল ভাঙতে টিকার ওপর জোর দিয়েছেন এইমস প্রধান।

আগামী কয়েক মাসের মধ্যে ভারত বায়োটেকের কোভ্যাক্সিনের পাশাপাশি ফাইজার ও জাইডাস ক্যাডিলার ভ্যাকসিনও ১২–১৭ বছর বয়সিদের জন্য পাওয়া যাবে বলেই মনে করছেন বিশেষজ্ঞরা। এইমস প্রধান জানিয়েছেন, দিল্লিতে ২ থেকে ৬ বছর বয়সি শিশুদের ওপর টিকার পরীক্ষার কাজ শুরু হয়েছে। গত ৭ জুন দিল্লি এইমসের তত্ত্বাবধানে টিকা প্রস্তুতকারক সংস্থা ভারত বায়োটেক ছোটদের জন্য টিকার পরীক্ষা শুরু করেছে। গুলেরিয়া জানিয়েছেন, ২ থেকে ১৭ বছর বয়সি শিশু ও কিশোরদের ওপর তিনটি পর্যায়ে টিকার প্রভাব পরীক্ষার পর সেই টিকা ব্যবহারের ছাড়পত্র দেওয়া হবে। রণদীপ গুলেরিয়া জানান, 'আমার মনে হয়, জাইডাসের ট্রায়াল ইতিমধ্যেই শেষ হয়ে গিয়েছে এবং তারা বর্তমানে জরুরি অনুমোদনের জন্য অপেক্ষা করছে। ভারত বায়োটেকের কোভ্যাক্সিনের ট্রায়ালও আগস্ট বা সেপ্টেম্বরের মধ্যেই শেষ হয়ে যাওয়া উচিত, সেই সময়ের মধ্যে অনুমোদনও পেয়ে যাবে। অন্যদিকে, ফাইজারের ভ্যাকসিনকে ইতিমধ্যেই অনুমোদন দিয়েছে এফডিএ। আশা করছি, সেপ্টেম্বরের মধ্যেই আমরা শিশুদের টিকাকরণ শুরু করতে পারব।' শিশুদের টিকাকরণ শুরু হলে সংক্রমণের শৃঙ্খল ভাঙার কাজ আরও গতি পাবে বলেই স্বাস্থ্যকর্তারা মনে করেছেন। স্বাস্থ্য মন্ত্রকের তরফে জানানো হয়েছে দেশে এখনও পর্যন্ত ৪২ কোটি ৭৮ লক্ষের বেশি ডোজ টিকা দেওয়া হয়েছে।

এদিকে, গত ২৪ ঘণ্টায় দেশে ৩৯,০৯৭ জন আক্রান্ত হয়েছেন। যার মধ্যে প্রায় ৪৫ শতাংশ কেরলে। গত ২৪ ঘণ্টায় সে রাজ্যে আক্রান্ত ১৭,৫১৮ জন। মহারাষ্ট্রে দৈনিক সংক্রমণ সামান্য কমে সাড়ে ৬ হাজারের কাছে নেমে এসেছে। কর্ণাটক, তামিলনাড়ু এবং অন্ধ্রপ্রদেশে সংক্রমণ দু'হাজারের নীচে রয়েছে গত কয়েক দিন ধরেই। মণিপুরের পরিস্থিতি খারাপ। ছোট্ট ওই রাজ্যে একদিনে আক্রান্ত প্রায় ১,৩০০। উত্তর–পূর্বের বেশ কয়েকটি রাজ্যের করোনা পরিস্থিতির অবনতি হয়েছে। দৈনিক সংক্রমণ ৫০০–র আশপাশে থাকলেও সংক্রমণ বেড়েছে মিজোরাম, মেঘালয়, অরুণাচল প্রদেশের মতো রাজ্যগুলিতে। গত ২৪ ঘণ্টায় মৃত্যু হয়েছে ৫৪৬ জনের। গত ৩৩ দিন ধরে দৈনিক সংক্রমণের হার ৩ শতাংশের নীচে রয়েছে।

# এবার রাজস্থানে ঘর সামলাতে ব্যস্ত কং

**আবু হায়াত বিশ্বাস**
দিল্লি, ২৪ জুলাই

## গেহলটের মন্ত্রিসভায় পাইলট-সঙ্গীদের ঠাঁই?

পাঞ্জাবের পর এবার রাজস্থান। দলের নেতাদের অন্তঃকলহ মেটাতে উদ্যোগী কংগ্রেস শীর্ষ নেতৃত্ব। শিগগিরই রাজস্থানের মুখ্যমন্ত্রী অশোক গেহলটের মন্ত্রিসভায় হবে রদবদল। আর সেই রদবদলে মন্ত্রিসভায় ঠাঁই পেতে চলেছেন শচীন পাইলটের অনুগামী বিধায়করা। পাইলট অনুগামীদের জায়গা দেওয়া হবে দলীয় সংগঠনেও। রাজস্থানে দলকে আস্ত রাখার জন্য পাইলট শিবিরের ক্ষোভ সামাল দেওয়া জরুরি হয়ে পড়েছে।

পাঞ্জাবের মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিংয়ের সঙ্গে নভজ্যোৎ সিং সিধুর দ্বন্দ্ব আপাতত মিটেছে। পাঞ্জাব বিধানসভা ভোটের আগে দলের নেতাদের ঐক্যবদ্ধ হয়ে লড়ার বার্তা দিয়েছে হাইকমান্ড। একইভাবে রাজস্থানে শচীন পাইলট শিবিরের ক্ষোভ মেটানোর প্রক্রিয়া শুরু করে দিয়েছে কংগ্রেস নেতৃত্ব। শনিবার কংগ্রেসের হাইকমান্ডের নির্দেশে রাজস্থানের জয়পুরে পৌঁছেছেন দলের নেতা কে সি বেণুগোপাল, রাজস্থান কংগ্রেসের পর্যবেক্ষক অজয় মাকেন। রাজস্থান কংগ্রেস নেতৃত্বের পাশাপাশি শচীন পাইলট, অশোক গেহলটের সঙ্গে তাঁরা কথা বলবেন। সূত্রের খবর, আগামী সপ্তাহেই গেহলট মন্ত্রিসভায় রদবদল হতে চলেছে। এই মুহূর্তে রাজস্থান সরকারের ৯ জন মন্ত্রীর পদ খালি রয়েছে। সেগুলির অন্তত ৬–৭টিতে পাইলট অনুগামী বিধায়কদের জায়গা দেওয়ার দাবি জোরালো হয়ে উঠেছে।

এমনিতেই রাজ্য রাজ্যে অন্তর্দ্বন্দ্বে জেরবার কংগ্রেস। জেতা রাজ্যগুলিতেও ভুগছে নেতৃত্বের কোন্দলে। এমন পরিস্থিতিতে দল ছাড়ছেন অনেক নেতাই। রাজস্থানে কংগ্রেস জেতার পর শচীন পাইলট–অশোক গেহলটের ঠান্ডা লড়াই শুরু হয়। বছর খানেক আগে বিদ্রোহ করেছিলেন খোদ শচীন পাইলট ও তাঁর অনুগামী বিধায়করা। সমস্যা সমাধানের আশ্বাস দেয় শীর্ষ কংগ্রেস নেতৃত্ব। তারপর বছর পেরিয়েছে। দীর্ঘ সময় শীর্ষ নেতৃত্বও বিষয়টি নিয়ে মাথা ঘামায়নি। ওদিকে কিছুদিন ধরে পাঞ্জাবে কংগ্রেসের কলহ মাত্রা ছাড়িয়ে যাচ্ছিল। এমন পরিস্থিতিতে শীর্ষ নেতৃত্ব দলের নেতাদের কোন্দল মেটাতে উদ্যোগী হয়েছে। পাঞ্জাবে মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিং ও সিধুর সঙ্গে দফায় দফায় বৈঠকের পর সিধুকে রাজ্য কংগ্রেসের দায়িত্ব দিয়েছে শীর্ষ নেতৃত্ব। একই সঙ্গে অমরিন্দর সিংয়ের মানভঞ্জনে অনুগামী চারজনকে কার্যকারী সভাপতির পদে বসিয়েছে। সিধু ও অমরিন্দর ঐক্যবদ্ধ হয়ে ভোটে লড়াইয়ের ডাক দিয়েছেন। একইভাবে রাজস্থানে পাইলট–গেহলটের দ্বন্দ্ব মিটিয়ে ফেলতে উদ্যোগী হয়েছে শীর্ষ নেতৃত্ব।

২০১৯ লোকসভা নির্বাচনের পর কংগ্রেসের অন্তঃকলহের জেরে ভিন্ন ভিন্ন রাজ্যে একের পর এক নেতা বিরোধী শিবিরে নাম লেখাচ্ছেন। মধ্যপ্রদেশের নেতা জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বিজেপি–তে নাম লিখিয়েছেন। উত্তরপ্রদেশে জিতিন প্রসাদ দল ছেড়েছেন। দল ছেড়েছেন প্রিয়াঙ্কা চতুর্বেদী। মহারাষ্ট্রের যুব নেতা মিলিন্দ দেওরা অন্য দলে যোগ না দিলেও সক্রিয় নন। রাজ্যে রাজ্যে অন্তঃকলহে জেরবার কংগ্রেস। এমন অবস্থায় রাজস্থানের নবীন প্রজন্মের নেতা শচীন পাইলটকে দলে ধরে রাখতে মরিয়া কংগ্রেস শীর্ষ নেতৃত্ব। যুব নেতারা দল ছাড়ায় গত বছর উদ্বেগ প্রকাশ করেছিলেন কংগ্রেসের বর্ষীয়ান নেতা কপিল সিবাল। এক টুইটে লিখেছিলেন, 'দলের জন্য চিন্তা হচ্ছে। ঘোড়া আস্তাবল ছেড়ে পালিয়ে গেলে তবেই কি ঘুম ভাঙবে আমাদের?' সিবালের ওই টুইটের বছর পেরিয়ে এবার ঘুম ভাঙছে শীর্ষ নেতৃত্বের।

## নীল ছবি কেলেঙ্কারি
# রাজ নির্দোষ, সাফাই শিল্পার

**সংবাদ সংস্থা**
মুম্বই, ২৪ জুলাই

পর্নোগ্রাফি নয়, ইরোটিকা–র সম্প্রচার হত হটশট অ্যাপ মারফত। দু'টোর তফাত আছে। নীল ছবি কেলেঙ্কারিতে জড়িত স্বামী রাজ কুন্দ্রার হয়ে এই সাফাই দিলেন অভিনেত্রী স্ত্রী শিল্পা শেট্টি। রাজ নয়, ব্যবসায় তাঁর অংশীদার প্রদীপ বক্সিকেই প্রকারান্তরে গোটা ঘটনায় দুষেছেন তিনি। শিল্পা এ–ও জানিয়েছেন, ঠিক কী ধরনের ছবি হটশট–এ সম্প্রচার হত, তা তাঁর আদৌ জানা নেই।

নীল ছবি কেলেঙ্কারির মূল চাঁই হিসেবে চিহ্নিত ব্যবসায়ী রিপুসূদন কুন্দ্রা ওরফে রাজকে ১৯ জুলাই গ্রেপ্তার করা হয়। গতকাল তাঁর পুলিশি হেফাজতের মেয়াদ শেষ হওয়ার কথা ছিল। তবে আরও জেরা করতে ২৭ জুলাই অবধি হেফাজতের মেয়াদের আবেদন বাড়িয়েছে মুম্বইয়ের এক মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত। গতকাল রাজ এবং শিল্পার বাড়িতে তল্লাশি চালায় পুলিশ। বাজেয়াপ্ত হয়েছে রাজের ল্যাপটপ এবং ৫১টি নীল ছবির পেন–ড্রাইভ।



রাজ কুন্দ্রা ও শিল্পা শেঠি। ফাইল ছবি

গতকাল শিল্পাকেও জেরা করে পুলিশ। এ পর্যন্ত তাঁকে সমন পাঠানোর মতো কোনও তথ্য মেলেনি বলে খবর। রাজ কুন্দ্রার ব্যাঙ্কের লেনদেনের কিছু তথ্য পেয়েছে পুলিশ। ইয়েস ব্যাঙ্ক এবং ইউনাইটেড ব্যাঙ্ক অফ আমেরিকায় তাঁর দুটি অ্যাকাউন্টে বিপুল অর্থ লেনদেনের হদিশ মিলেছে। পুলিশের অনুমান, পর্নোগ্রাফিক ছবি থেকে লাভের টাকা বেটিং চক্রে খাটাতেন রাজ। সাড়ে ৭ কোটি টাকা বাজেয়াপ্ত হয়েছে এ যাবৎ।

রাজের বাড়ি থেকে নীল ছবির পেন–ড্রাইভ বাজেয়াপ্তে তাঁর আইনজীবী আবাদ পণ্ডার যুক্তি ছিল, যা উদ্ধার হয়েছে তা পর্নোগ্রাফি হিসেবে ব্যাখ্যা করা যায় না। তা তথ্যপ্রযুক্তি আইনের ৬৭ ধারার আওতায় পড়ে না, যে জামিন গ্রাহ্য হবে না। বরং তা ভারতীয় দণ্ডবিধির ২৯২ ধারার আওতায় পড়ে যা 'কামোদ্দীপক' বিষয় সংক্রান্ত। সেক্ষেত্রে আর হেফাজতের প্রয়োজন হয় না।

হেফাজতে বারবার নিজেকে নির্দোষ বলেছেন রাজ। দোষ চাপিয়েছেন অংশীদার এবং ভগিনীপতি প্রদীপ বক্সির ওপর।

কিন্তু পুলিশ সূত্রের খবর, ওই অ্যাপ মারফত যা রোজগার হয়েছে, তার হিসেব রেখেছেন রাজ। একটি হোয়াটস্অ্যাপ গ্রুপ তৈরি, নীল ছবি তৈরি, প্রযোজনা, সম্প্রচার নিয়ে রোজ আলোচনা করেছেন।


পঞ্জাব নৈশনল বৈংক (भारत सरकार का उपक्रम) pnb punjab national bank (Govt. Of India Undertaking)

ব্রাঞ্চ অফিস: জোনাল সস্ত্র, কলকাতা জোন, ইউনাইটেড টাওয়ার, চতুর্থ তল, ১১, হেমন্ত বসু সরণি, কলকাতা–৭০০০০১। মোবাইল: ৯৬৭৪৬৫৭৪৮৭; ই–মেল: zs8350@pnb.co.in

**স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষ করে সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, জামিনযুক্ত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ চার্জ করা নিম্নোক্ত বিবরণযুক্ত এবং জামিনযুক্ত ঋণদাতার অনুমোদিত অফিসার দ্বারা গঠনমূলক/ ব্যবহারিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে ব্যাঙ্ক/জামিনযুক্ত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে **'যেখানে আছে সেখানে', 'যা কিছু আছে তা' এবং 'যেমন আছে তেমনভাবে'** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

**স্থাবর পরিসম্পদের বিবরণ**

| লট নং | ব্রাঞ্চের নাম / অ্যাকাউন্টের নাম / ঋণগ্রহীতা/ জামিনদারের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা | বন্ধক রাখা স্থাবর সম্পত্তিগুলির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম (সম্পত্তির বন্ধকদাতা) | ক) সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ<br>খ) ৩০.০৯.২০২০ মাফিক বকেয়া<br>গ) সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(৪) ধারাধীনে দখলের তারিখ<br>ঘ) দখলের ধরন প্রতীকী/বাস্তবিক/গঠনমূলক | ক) সংরক্ষণ মূল্য (লক্ষ টাকায়)<br>খ) ইএমডি (ইএমডি জমার শেষ তারিখ)<br>গ) বিড গুণক | ই–নিলামের তারিখ ও সময় / জামিনযুক্ত ঋণদাতার জানা দায়ের বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | **পিএনবি– জোনাল সস্ত্র কলকাতা। মূল ব্রাঞ্চ: পিএনবি ওভারসিজ কলকাতা ব্রাঞ্চ।**<br>**মেসার্স অঙ্কুর উর্জা লিঃ।**<br>**৩ এ, ম্যাঙ্গো লেন, ৫ম তল, কলকাতা–৭০০০০১।**<br>**ডিরেক্টর ও জামিনদার**<br>**১. মি. ধীরাজ কুমার থার্ড,** পি ৬৪ ব্রাইট স্ট্রিট, ৪ তলা, বালিগঞ্জ, কলকাতা ৭০০০১৯ বা ৩৭, বজল পাড়া লেন, বাঁধাঘাট, হাওড়া ৭২২২০৬।<br>**২. মি. সুষমা থার্ড,** পি ৬৪ ব্রাইট স্ট্রিট, ৪ তলা, বালিগঞ্জ, কলকাতা ৭০০০১৯ বা ৩৭, বজল পাড়া লেন, বাঁধাঘাট, হাওড়া ৭২২২০৬।<br>**৩. মি. সোমনাথ ঘোষ,** ১৫৪, বি কে পাল এভিনিউ, শ্যামবাজার, কলকাতা ৭০০০০৫।<br>**করপোরেট জামিনদার**<br>**৪. মেসার্স বিশ্বরুপা থ্রেডস প্রাঃ লিঃ,** ৩এ, ম্যাঙ্গো লেন, ৫ম তল, কলকাতা–৭০০০০১।<br>**৫. মেসার্স সর্বোত্তম ঘর নির্মাণ প্রাঃ লিঃ,** ৩এ, ম্যাঙ্গো লেন, ৫ম তল, কলকাতা–৭০০০০১।<br>**৬. মেঃ সর্বোত্তম ঘর নির্মাণ প্রাঃ লিঃ,** ৩এ, ম্যাঙ্গো লেন, ৫ম তল, কলকাতা–৭০০ ০০১ | ২৫০০ বর্গফুটের সম্পূর্ণ ৪ তলা ও ২০০০ বর্গফুটের ৫ তলায় ছাদ ও একতলায় ২০০ বর্গফুটের কার পার্কিং স্পেসের অপরিহার্য সমগ্র পরিমাণ: দলিল নং আই ০০৪৭৬, বর্ষ ২০০৮, তারিখ ০৫.১২.২০০৭, বুক নং১, ভলুম নং ১, পৃষ্ঠা ১ থেকে ১৬, কে এম সি ওয়ার্ড নং ৬১, পুর প্রেমিসেস নং পি ৬৪, ব্রাইট স্ট্রিট, থানা কড়েয়া, পোঃ বালিগঞ্জ, জেলা ২৪ পরগণা দক্ষিণ, কলকাতা ৭০০০১৯, **মেসার্স বিশ্বরুপা থ্রেডস প্রাঃ লিঃ–এর নামে।**<br>**চৌহদ্দি:**<br>**উত্তর**– পুস্প অ্যাপার্টমেন্ট;<br>**দক্ষিণ**– অন্যের সম্পত্তি;<br>**পূর্ব**– ব্রাইট স্ট্রিট;<br>**পশ্চিম**– অ্যাপার্টমেন্ট। | ক) ২৪.১২.২০১৩ (পিএনবি) ০৮.০১.২০১৪ (এসবিআই) খ) ₹২৩,৭৯,৪৯,৯৫২.০০ (পিএনবি) ₹১২,৩৯,৮৫,৮৭১.৮৮ (এসবিআই) (ও বাড়তি সুদ, খরচ, চার্জ, সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তি মাফিক)<br>গ) ২১.০৬.২০১৪<br>ঘ) ব্যবহারিক দখল | ক) ₹১৭২.৮০ লক্ষ<br>খ) ₹১৭.২৮ লক্ষ (১০.০৮.২০২১)<br>গ) ₹১.০০ লক্ষ | ১২.০৮.২০২১ বেলা ১১.০০টা থেকে দুপুর ৩.৩০টা।<br>শূন্য |

**ই নিলামের শর্ত ও নিয়মাবলি**

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি বাড়তি শর্তসাপেক্ষ হবে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহ করে **www.ibapi.in, www.mstcecommerce.com,** এবং **www.pnbindia.in** ওয়েবসাইটগুলি দেখুন। সম্পত্তিগুলি **'যেখানে আছে সেখানে', 'যা কিছু আছে তা' এবং 'যেভাবে আছে সেভাবে'** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।

**সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর রুল ৮(৬) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি**

তারিখ: ২৫.০৭.২০২১; স্থান: কলকাতা — অনুমোদিত অফিসার, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক


## ব্রাজিলের টিকা দুর্নীতি
# চাপে ভারত বায়োটেক

**সংবাদ সংস্থা**
সাও পাওলো, ২৪ জুলাই

ব্রাজিলে কোভ্যাক্সিন দুর্নীতিকাণ্ডে রীতিমতো চাপে এই টিকার নির্মাতা সংস্থা ভারত বায়োটেক। আয়ের বোলসোনারোর দেশে ২ কোটি ডোজ কোভ্যাক্সিন সরবরাহের জন্য ৩০ কোটি ডলারের চুক্তি করেছিল ভারত বায়োটেক। চুক্তিতে টিকার দাম নিয়ে বিপুল দুর্নীতির অভিযোগ ওঠায় ৩০ জুন চুক্তি বাতিল করে ব্রাজিল। এতদিন সেবিষয়ে মুখ খোলেনি ভারত বায়োটেক কর্তৃপক্ষ। কিন্তু সেদেশের সংসদীয় তদন্ত কমিশন জোরদার তদন্ত শুরু করায় অস্বস্তি বেড়েছে কোভ্যাক্সিন নির্মাতা সংস্থার। শুক্রবারই ব্রাজিলের প্রতিনিধি সংস্থা প্রেসিসা মেডকামেন্টোস এবং দুবাইয়ে নথিবদ্ধ সংস্থা এনভিক্সিয়া ফারমাটিউসিক্যালসের সঙ্গে স্বাক্ষর করা মউ খারিজ করেছে ভারত বায়োটেক। তবে এই দুই সংস্থা এত সহজে ভারত বায়োটেককে নিষ্কৃতি দেবে না বলেই আশঙ্কা।


RP - Sanjiv Goenka Group
Growing Legacies
saregama soul of India

**সারেগামা ইন্ডিয়া লিমিটেড**
**CIN: L22213WB1946PLC014346**
**রেজিস্টার্ড অফিস: ৩৩, যশোর রোড, দমদম, কলকাতা–৭০০০২৮**
**ফোন: ০৩৩–২৫৫১ ২৯৮৪/৪৭৭৩; ই–মেল: co.sec@saregama.com**
**ওয়েবসাইট: www.saregama.com**

**৭৪ তম অ্যানুয়াল জেনারেল মিটিং ও ই ভোটিং ও বই বন্ধ বিষয়ক বিজ্ঞপ্তি**

কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস ২০১৪ সংশোধিত (রুলস)–এর সহ পঠনীয় কোম্পানি আইন ২০১৩ (আইন)–এর ৯৬ ধারা মাফিক সারেগামা ইন্ডিয়া লিমিটেড–এর ৭৪ তম অ্যানুয়াল জেনারেল মিটিং (এজিএম) ভিডিও কনফারেন্সিং ('ভিসি')/ অন্য অডিও ভিস্যুয়াল পদ্ধতি ('ওএভিএম')–এর মাধ্যমে এজিএম–এর নোটিসে উল্লেখমতো সোমবার, ১৬ আগস্ট ২০২১ তারিখ বেলা ১২.০০টায় (ভারতীয় সময়) আয়োজিত হবে।

দেশে কোভিড ১৯ জনিত অতিমারী পরিস্থিতিতে মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স দ্বারা জারিকৃত যথাক্রমে ৮ এপ্রিল ২০২০, ১৩ এপ্রিল ২০২০ ও ৫ মে ২০২০, ১৩ জানুয়ারি, ২০২১ তারিখ সংবলিত জেনারেল সার্কুলার নং ১৪/২০২০, ১৭/২০২০ এবং ২০/২০২০, ০২/২০২১ ('এমসিএ সার্কুলারসমূহ) এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া দ্বারা জারিকৃত (সেবি সার্কুলার) সার্কুলার মাফিক ২০২১ বছরে ভিডিও কনফারেন্সিং ('ভিসি')/ অন্য অডিও ভিস্যুয়াল পদ্ধতি ('ওএভিএম')–এর মাধ্যমে এজিএম–এর অনুমোদন মিলেছে। এমসিএ সার্কুলার এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫ (সেবি এল ও ডি আর রেগুলেশনস) সার্কুলার অনুযায়ী ৭৪ তম অ্যানুয়াল জেনারেল মিটিং ভিসি/ ওএভিএম–এর মাধ্যমে হবে।

যে সকল সদস্যের ই–মেল ঠিকানা এই কোম্পানি/ ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট–এর কাছে নিবন্ধীকৃত রয়েছে, কেবলমাত্র ই–মেলের মাধ্যমে তাঁদের প্রতি ২৩ জুলাই, ২০২১ এ শেষ আর্থিক বছরের আর্থিক খতিয়ান সমেত এজিএম–এর নোটিস পাঠানো হয়েছে। এজিএম–এর নোটিস এবং ২০২০–২১–এর অ্যানুয়াল রিপোর্ট এই কোম্পানির ওয়েবসাইট www.saregama.com–এর সঙ্গে স্টক এক্সচেঞ্জ ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ www.nseindia.com ও বি এস ই লিমিঃর www.bseindia.com–এ দেওয়া আছে। পাশাপাশি ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এন এস ডি এল)–এর www.evoting.nsdl.com–এও তা পাবেন।

বাস্তবিক শেয়ারধারী যে সকল সদস্যের ই–মেল ঠিকানা এই কোম্পানির কাছে নিবন্ধীকৃত নয়, তারা কোম্পানির co.sec@saregama.com–এ নিম্নোক্ত গুলি পাঠান: নাম, ঠিকানা, স্বপ্রত্যয়িত প্যান কার্ড কপি, ঠিকানার সমর্থনে স্বপ্রত্যয়িত (ড্রাইভিং লাইসেন্স/পাসপোর্ট/ভোটার কার্ড) প্রমাণপত্র। বৈদ্যুতিন ফর্মে শেয়ার ধরে রাখা সদস্যরা ই মেল স্থায়ী ভাবে নথিভুক্ত করতে নিজেদের ডিপোজিটরি অংশীদারের কাছে নিজের ই–মেল আইডি আপডেট করিয়ে নিতে পারেন। ই–মেল ঠিকানা নিবন্ধীকৃত করতে সমস্যা হলে কোম্পানির co.sec@saregama.com–এ লিখুন। ব্যাঙ্ক বিশদ নিবন্ধীকৃত করার জন্য সদস্যদের দিতে হবে:

- ❈ ব্যাঙ্ক ও শাখা
- ❈ ব্যাঙ্ক অ্যাকাউন্ট ধরন
- ❈ ব্যাঙ্ক অ্যাকাউন্ট নং
- ❈ এম আই সি আর
- ❈ আই এফ এস সি
- ❈ বাতিল চেক

কাট–অফ তারিখ ৯ আগস্ট ২০২১ অনুযায়ী বাস্তবিক ও ডিম্যাট শেয়ারধারী এন এস ডি এল–এর বৈদুতিন ভোটিংয়ের মাধ্যমে (রিমোট ই–ভোটিং) ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাবেন। সদস্যদের জানানো হচ্ছে যে,

১) এজিএম–এর নোটিসের বিষয়ে রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে ও এজিএম–এ ই–ভোটিংয়ের মাধ্যমে ভোট দেওয়া যাবে।

২) রিমোট ই–ভোটিং মাধ্যমে ভোট শুরু শুক্রবার, ১৩ আগস্ট, ২০২১, ভারতীয় সময় সকাল ৯ টায়, শেষ রবিবার, ১৫ আগস্ট, ২০২১ ভারতীয় সময় বেলা ৫ টায়। এই সময়ে বাস্তবিক ও ডিম্যাট শেয়ারধারী বৈদুতিন ভোটিংয়ের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাবেন। এর পর এনএসডিএল–এর দ্বারা ভোটিং বন্ধ করা হবে।

৩) কাট–অফ তারিখ ৯ আগস্ট ২০২১ অনুযায়ী রিমোট ই–ভোটিং ও এজিএম–এ ই–ভোটিং হবে।

৪) এজিএম নোটিস পাঠানোর পর নির্ণায়ক তারিখে শেয়ার থাকলে এনএসডিএল–এর evoting@nsdl.co.in–এ অনুরোধ পাঠালে লগ ইন আইডি ও পাসওয়ার্ড পাওয়া যাবে।

৫) ভিসি/ ওএভিএম–এর মাধ্যমে এজিএম–এ যোগ দিয়ে ই–ভোটিং সুবিধা সেই সদস্যদের দেওয়া হবে, যারা রিমোট ই–ভোটিং সুবিধায় ভোট দেননি।

৬) রিমোট ই–ভোটিংয়ে ভোট না দিলে এজিএম–এ যোগ দিয়ে ই–ভোটিং সুবিধা মিলবে।

৭) রিমোট ই–ভোটিং ও এজিএমে ই–ভোটিং–এর পদ্ধতি এজিএম–এর নোটিসে দেওয়া আছে।

৮) কোম্পানি আইন ২০১৩–এর ৯১ ধারা যা রুল ১০ ও সেবি লিস্টিং রেগুলেশনস–এর রেগুলেশন ৪২–এর সহ পঠনীয় তা মাফিক কোম্পানির শেয়ার হস্তান্তর বই ও সদস্য নথি মঙ্গলবার, ১০ আগস্ট, ২০২১ থেকে সোমবার, ১৬ আগস্ট, ২০২১ (উভয় দিন সহ) বন্ধ থাকবে।

৯) রিমোট ই–ভোটিং/ ই–ভোটিং এ কোনও প্রশ্নের ব্যাখ্যার প্রয়োজন হলে আপনারা www.evoting.nsdl.comএ–তে দেওয়া 'Frequently Asked Questions (FAQs) for Shareholders and e-Voting user manual for Shareholders' ডাউনলোডস অংশটি দেখতে পারেন অথবা ১৮০০ ২২২ ৯৯০ নিঃশুল্ক নম্বরে ফোন করতে পারেন অথবা evoting@nsdl.co.in –তে অনুরোধ পাঠাতে পারেন অথবা এই ব্যক্তির সঙ্গে এখানে যোগাযোগ করতে পারেন: মিস পল্লবী মাত্রে, ম্যানেজার, এন এস ডি এল, ট্রেড ওয়ার্ল্ড, 'এ' উইং, কমলা মিলস কম্পাউন্ড, সেনাপতি ব্যাপাট মার্গ, লোয়ার পরেল, মুম্বই–৪০০ ০১৩। ই–মেল আইডি evoting@nsdl.co.in বা co.sec@saregama.com–তেও লিখে জানাতে পারেন।

বোর্ডের তরফে
**কামনা গোয়েঙ্কা**
কোম্পানি সেক্রেটারি
মেম্বারশিপ নং: এ৩৫১৬১

তারিখ: ২৪ জুলাই, ২০২১
স্থান: মুম্বই